

Surendranath College

University of Calcutta



Assessment by – Swastika Hait

College Roll no - 159 (c)

C U Roll no – 192115 –11 –0154

C U Reg no– 115-1211-0257-19

Subject – Sociology Honours

Paper – CC5

Semester – 3 (Tutorial)

Examination – 2021

সমাজে ফমতার বন্টন

ও

তার প্রকৃতি

সমাজতন্ত্রের সমাজ বিশ্লেষণে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো ক্ষমতা। ক্ষমতা হলো অপরের প্রতিরোধ সত্ত্বেও কোন ব্যক্তি সমষ্টি অথবা গোষ্ঠী সময় এর নিজস্ব স্বার্থ ও লক্ষ্য পূরণের প্রচেষ্টা। প্রখ্যাত দার্শনিক “টমাস হবস” এর মতে ‘Power refers to man's prevent means to any e future apparent good’ “রাসেল” এর মতে ‘power is the capacity of some presence to produce intended and foreseen effect on others’। অর্থাৎ অন্য কারোর ওপর অভিপ্রেত ফল সৃষ্টি করার উদ্দেশ্যে মানুষের প্রচেষ্টায় হলো ক্ষমতা।

সাধারণত ক্ষমতা চার প্রকার হয়ে থাকে।

যথা -

১. বল প্রয়োগ (force)
 ২. দক্ষ চালনা (manipulation)
 ৩. প্রবর্তনা (persuasion)
 ৪. কর্তৃত্ব (authority)
- **বল প্রয়োগ** - বলপ্রয়োগ হল একপ্রকার ক্ষমতা প্রয়োগ যা কোন ব্যক্তি অথবা কোন গোষ্ঠীর

শারীরিক ক্ষতি করে উদ্দেশ্য সাধন করে এমনকি ব্যক্তির জীবন নাশক ঘটাতে পারে। বল প্রয়োগের চরম প্রকাশ হলো তীব্রতা (violent) যেখানে প্রত্যক্ষভাবে কাউকে শারীরিক আঘাত এর মধ্যে দিয়ে ক্ষমতা প্রয়োগ করা হয়। তীব্র তার বিপরীত বর্তমানে বহু আন্দোলনে অসহযোগ পদ্ধতি (nonviolent) ব্যবহার করা হয়। যদিও এই প্রসঙ্গে এ কথা উল্লেখ করা প্রয়োজন যে অসহযোগ পদ্ধতি ক্ষমতার একটি প্রকার রূপে মনে করা হয়। যেকোনো ধরনের অসহযোগ আন্দোলনের ক্ষেত্রে গোষ্ঠীর সদস্যরা তাদের নিজেদেরকে ব্যবহার করে যে কোন প্রকার ক্ষমতা প্রয়োগে প্রতিরোধ করার লক্ষ্যে। এই প্রসঙ্গে যেকোন প্রকার আন্দোলন এর কথা উল্লেখ করা যেতে পারে যেখানে আন্দোলনকারীরা রেললাইনের ওপর অথবা বাস রাস্তার ওপর শুয়ে পড়ে অবরোধের মধ্যে দিয়ে তাদের প্রতিবাদ জানাই। এছাড়া অনশন ও একপ্রকার বলপ্রয়োগের উদাহরণ যেখানে বেঁচে থাকার প্রধান উপাদান থেকে মানুষকে বঞ্চিত করা হয়। যে কোন প্রকার দামি সম্পদ নষ্ট করা ও বলপ্রয়োগের একটি উদাহরণ রূপে বলা যায়। বলপ্রয়োগ তখনই করা হয় যখন ক্ষমতা বিপন্ন হয়ে পড়ে। তাই বলা যেতে পারে যে যখন ক্ষমতা

প্রয়োগের অন্যসব মাধ্যম ব্যর্থ হয়ে যায় তখনই বল প্রয়োগের ক্ষমতা প্রদর্শনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম রূপে প্রতিভাত হয়।

- **দক্ষচালনা** - দক্ষ চালনার ঘটনা ঘটে যখন ক্ষমতা প্রয়োগকারী ক্ষমতা অধীনস্থ ব্যক্তিদের থেকে তার উদ্দেশ্যকে গোপন করে। এই ক্ষেত্রে ক্ষমতায় অধীনস্থ ব্যক্তির তাদের ওপর ক্ষমতা সম্পর্কে অসচেতন থাকে। সেই কারণে তাদের থেকে কোনপ্রকার বাধার সম্ভাবনা থাকেনা। এই প্রসঙ্গে এ কথা উল্লেখ করা প্রয়োজন যে এই প্রকার ক্ষমতা প্রয়োগ দেখা যায় যখন ক্ষমতা প্রয়োগকারী এবং ক্ষমতা অধীনস্থ ব্যক্তিদের মধ্যে কোন প্রকার সম্পর্ক থাকে না।

অপরপক্ষে বলা যেতে পারে যে ক্ষমতা অধীনস্থ ক্ষমতা প্রয়োগকারীর অস্তিত্ব সম্পর্কে অবগত থাকেনা। দুইভাবে ক্ষমতা প্রয়োগ করা হয় -

১. প্রতীকী সংযোগের মধ্যে দিয়ে যখন ক্ষমতা প্রয়োগের ক্ষমতা অধীনস্থ ব্যক্তিদের ওপর গুপ্ত ক্ষমতা প্রয়োগ করে। যেমন - রাজনৈতিক প্রচার।
২. যখন ক্ষমতা প্রয়োগকারী ক্ষমতা অধীনস্থ ব্যক্তিদের পরিবেশের পরিবর্তন করে ।

এই প্রকাশ ক্ষমতার ক্ষেত্রে ক্ষমতা অধীনস্থ ব্যক্তির ক্ষমতা প্রয়োগ কারীর বিরুদ্ধে সরাসরি কোনো প্রতিবাদ করতে পারে না।

অনেক সমাজ বিজ্ঞানী মনে করেন যে এটি হলো অমানবিক একপ্রকার ক্ষমতা যেখানে ক্ষমতা অধীনস্থ ব্যক্তির সম্পূর্ণভাবে অপ্রস্তুত থাকে যখন তাদের ওপর ক্ষমতা প্রয়োগ করা হয়।

- **প্রবর্তনা** - এটি হল একপ্রকার ক্ষমতা যেখানে ক্ষমতা প্রয়োগের ক্ষমতা অধীনস্থ ব্যক্তির ওপর ক্ষমতা প্রয়োগ করতে সমর্থ হয়। অনেক বিজ্ঞানী তাই প্রবর্তনা কে ক্ষমতার প্রকার মেনে নিতে রাজি নন। কেননা এই প্রকার ক্ষমতায় ক্ষমতার অসামঞ্জস্যতা লক্ষ্য করা যায়। প্রবর্তনা ঘটে যখন $A-B$ কে কোন যুক্তি প্রদর্শন করে এবং B তার নিজের যুক্তি দিয়ে বিচার করে A এর বক্তব্যকে মেনে নেয়। যেকোনো গণমাধ্যমে প্রকাশ যুক্তি প্রদর্শনের মাধ্যমে জনগণের ওপর প্রভাব বিস্তার করতে সক্ষম হয়।
- **কর্তৃত্ব** - কর্তৃত্ব বলতে এমন একজন বা কয়েকজন ব্যক্তি কে বোঝায় যাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থাকে এবং অন্যের আসে সিদ্ধান্তকে মেনে নেওয়া নিজেদের কর্তব্য বলে মনে করে। কর্তৃত্ব হল ক্ষমতা

প্রয়োগের বৈধ অধিকার। কৃতিত্ব হলো বৈধ ক্ষমতা।

কর্তৃত্বের সৃষ্টি হয় আদেশ প্রদানের ক্ষমতা বৈধতা অর্জন করে।

কৃতজ্ঞতা স্বীকার

প্রকল্পটি রূপায়নের জন্য অমূল্য উপদেশ ,
 নিরবিচ্ছিন্ন সহযোগিতা ও উৎসাহ দানের জন্য
 সুরেন্দ্রনাথ কলেজের সমাজবিজ্ঞানের শিক্ষিকা
 মহাশয়া কে গভীর শ্রদ্ধা, কৃতজ্ঞতা ও অসংখ্য
 ধন্যবাদ জানাই । উনার সহযোগিতা ছাড়া এ
 প্রকল্পটির সম্পন্ন হতো না । ছাড়াও আমি
 কৃতজ্ঞতা জানাচ্ছি অন্যান্য শিক্ষিকা মন্ডলীদের
 তারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আমাকে এতটা
 সাহায্য করেছে।

ধন্যবাদান্তে

Swastika Hait